



Embassy of the People's Republic  
of Bangladesh  
Athens

## সংবাদ বিজ্ঞপ্তি:

### ত্রিসে যথাযোগ্য মর্যাদায় 'জাতীয় সংবিধান দিবস' পালন

বাংলাদেশ দূতাবাস, এথেন্স -এর আয়োজনে ০৪ নভেম্বর ২০২২ তারিখ যথাযোগ্য মর্যাদা ও উৎসাহ-উদ্দীপনায় 'জাতীয় সংবিধান দিবস' পালিত হয়। এই অনুষ্ঠানে প্রবাসী বাংলাদেশিগণ ও দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠানটি শুরু হয়। এরপর, 'জাতীয় সংবিধান দিবস' উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণী পাঠ করে শোনানো হয়। দিবসটি উপলক্ষ্যে আয়োজিত বিশেষ আলোচনা সভায় বক্তারা 'জাতীয় সংবিধান দিবস'-এর গুরুত্ব ও তাৎপর্যের উপর আলোচনা করেন। রাষ্ট্রদূত আসুদ আহমদ তাঁর বক্তব্যে বলেন, বাংলাদেশের সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন, যা স্বল্পতম সময়ে আমাদের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে রচিত হয়েছিল। গণতান্ত্রিক মূল্যবোধ ও আইনের শাসন প্রতিষ্ঠায় জাতীয় সংবিধানের গুরুত্ব অপরিসীম। রাষ্ট্রদূত আরো বলেন, আমাদের সংবিধান আমাদের গর্ব, এর মর্যাদা অক্ষুণ্ন রাখা প্রতিটি নাগরিকের নৈতিক দায়িত্ব।

অনুষ্ঠানে অন্যান্য বক্তারাও বাংলাদেশের সংবিধানের গুরুত্ব ও তাৎপর্যের উপর আলোকপাত করে যেকোনো পরিস্থিতিতে মহান সংবিধান সমুন্নত রাখার ব্যাপারে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।



এথেন্স, ০৪ নভেম্বর ২০২২

119, Marathonodromon Street, 154 52 Palaio Psychiko, Athens, Greece

Tel.: +30 210 6720 250, Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd, www.bdembassy.gr